

সময়সূচী

জেএসসি-জেডিসি পরীক্ষা শুরু আজ

পরীক্ষার্থী ২৪ লাখ

সমকাল প্রতিবেদক
অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের 'জুনিয়র স্কুল সার্টিফিকেট' (জেএসসি) ও 'জুনিয়র দাখিল সার্টিফিকেট' (জেডিসি) পরীক্ষা শুরু হচ্ছে আজ থেকে। দেশের ১০টি শিক্ষা বোর্ডের অধীনে এ দুটি পরীক্ষায় গত বছরের তুলনায় এবার শিক্ষার্থী বেড়েছে ৮৬ হাজার ৮৪২ জন। এ বছর ২৪ লাখ ১২ হাজার ৭৭৫ শিক্ষার্থী জেএসসি ও জেডিসি পরীক্ষায় অংশ নেবে। গত বছর পরীক্ষার্থী ছিল ২৩ লাখ ২৫ হাজার ৯৩০ জন। আটটি বোর্ডের ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৭

জেএসসি-জেডিসি পরীক্ষা শুরু।।

[শেষ পঠার পরা]
অধীনে জেএসসিতে পরীক্ষার্থী ২০ লাখ ৩৮ হাজার ৩০৩ জন এবং মাদ্রাসা বোর্ডের অধীনে জেডিসিতে পরীক্ষার্থী ৩ লাখ ৭৪ হাজার ৪৭২ জন।

এবার পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে পরীক্ষার্থীকে কেন্দ্র উপস্থিত হতে হবে জানিয়ে শিক্ষামন্ত্রী বুরুল ইসলাম নাহিদ বলেন, 'এবার প্রবেশের বিষয়টি বাধ্যতামূলক নয়। ভবিষ্যতে হয়তো এটি ম্যানেটেরি (বাধ্যতামূলক) করা হবে। তাই এ বিষয়ে সবাইকে অনুরোধ জানানো হয়েছে। আগে পরীক্ষার হলে প্রবেশ করলে ১৫ মিনিট আগে খাতা দেওয়া হবে।'

২০১৬ সালের তুলনায় এ দুটি পরীক্ষায় ছাত্রের তুলনায় এক লাখ ৬৪ হাজার ২৯ ছাত্রী বৃক্ষি পেয়েছে জানিয়ে তিনি জানান, দুটি পরীক্ষায় অংশ নিচ্ছে মোট ১১ লাখ ২৪ হাজার ৩৭৩ ছাত্র এবং ১২ লাখ ৮৮ হাজার ৪০২ ছাত্রী।

পরীক্ষা ১৭ নভেম্বর শেষ হবে জানিয়ে মন্ত্রী বলেন, 'পরীক্ষার ফল ঘোষণা করা হবে ৩০ ডিসেম্বরের মধ্যে।' শিক্ষামন্ত্রী বলেন, 'এ পরীক্ষার উদ্দেশ্য অতিভি মূল্যায়ন পক্ষাত্তির ফলে সারাদেশে স্কুল ও মাদ্রাসার শিক্ষার মানে যে ভিত্তি রয়েছে, তা প্রমাণ করা। শ্রবণ প্রতিবন্ধীসহ অন্যান্য প্রতিবন্ধী পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত সময়ের অতিরিক্ত ২০ মিনিট সময় দেওয়া হবে। দৃষ্টি প্রতিবন্ধী, সেরিব্রাল পালসিজনিত প্রতিবন্ধী এবং যাদের হাত নেই তাদের জন্য শ্রতি লেখকের সুযোগ রাখা হয়েছে। প্রতিবন্ধী মধ্যে অটিষ্ঠিক, ডাউন সিনড্রোম, সেরিব্রালপালসি আক্রান্ত পরীক্ষার্থীদের অতিরিক্ত ৩০ মিনিট সময় বৃক্ষিসহ শিক্ষক বা অভিভাবক বা সাহায্যকারীর বিশেষ সহায়তায় পরীক্ষা দেওয়ার সুযোগ থাকছে এবারও। নকলমুক্ত পরীক্ষা প্রাপ্ত ও প্রশংসন্ত ফাঁস রোধে প্রযোজনীয় সব ব্যবস্থা নেওয়া হয়েছে।'

জেএসসি পরীক্ষার সূচি : ১ নভেম্বর বাংলা প্রথমপত্র, ২ নভেম্বর বাংলা দ্বিতীয়পত্র, ৩ নভেম্বর ইংরেজি প্রথমপত্র, ৬ নভেম্বর ইংরেজি দ্বিতীয়পত্র, ৭ নভেম্বর কর্ম ও শিক্ষা, গার্হস্থ্য অর্থনীতি (গুরু অনিয়মিত) এবং গার্হস্থ্য বিজ্ঞানের পরীক্ষা হবে।

শিক্ষা, বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা, প্রিষ্ঠধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের পরীক্ষা হবে। ৮ নভেম্বর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ৯ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ১০ নভেম্বর শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, ১৩ নভেম্বর হবে কর্ম ও জীবনমুখী শিক্ষা, ১৫ নভেম্বর বিজ্ঞান, ১৬ নভেম্বর চারু ও কারুকলা, ১৭ নভেম্বর কৃষি শিক্ষা, গার্হস্থ্য বিজ্ঞান, আরবি, সংস্কৃত, পালির পরীক্ষা হবে।

জেডিসি পরীক্ষার সূচি : ১ নভেম্বর কুরআন মাজীদ ও তাজবিদ, ২ নভেম্বর আকাইদ ও ফিকহ, ৩ নভেম্বর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (গুরু অনিয়মিত), ৬ নভেম্বর ইংরেজি প্রথমপত্র, ৭ নভেম্বর ইংরেজি দ্বিতীয়পত্র, ৮ নভেম্বর বাংলা প্রথমপত্র, ৯ নভেম্বর বাংলা দ্বিতীয়পত্র, ১০ নভেম্বর কর্ম ও জীবনমুখী শিক্ষা, শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ের পরীক্ষা হবে।

এ ছাড়া ১২ নভেম্বর গণিত, ১৩ নভেম্বর আরবি প্রথমপত্র, ১৪ নভেম্বর আরবি দ্বিতীয়পত্র, ১৫ নভেম্বর সামাজিক বিজ্ঞান (গুরু অনিয়মিত), বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ১৬ নভেম্বর বিজ্ঞান, ১৭ নভেম্বর কৃষি শিক্ষা, গার্হস্থ্য অর্থনীতি (গুরু অনিয়মিত) এবং গার্হস্থ্য বিজ্ঞানের পরীক্ষা হবে।